

Bartaman, Kolkata, Aug 19 2012

টি সি এসের আই টি কুইজ

অজানাকে জানার ইচ্ছে ছোটদের বরাবরই। এবার সেই অজানাকে জানতেই তথ্যপ্রযুক্তির উপর কুইজের আয়োজন করেছিল টি সি এস। নাম 'আই টি কুইজ ২০১২'। কম্পিউটার শিখলেই হবে না, তার উপর জ্ঞানও অর্জন করতে হবে। স্কুলের অষ্টম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। কলামন্দিরে আয়োজিত পূর্বাঞ্চলের ফাইনাল রাউন্ডে উঠেছিল ছ'টি দল। প্রথম রাউন্ড থেকেই ছিল টানটান উত্তেজনা। তথ্যপ্রযুক্তির ব্যাপারে জ্ঞানের গভীরতায় তাক লাগিয়ে দেয় সব দলই। ফাইনালে মোট পাঁচটি রাউন্ডের মধ্যে শেষ রাউন্ডে দু'টি টিম বানার আপের জন্য একই স্কোর করে। কলকাতার ন্যাশনাল জেমস ও জামশেদপুরের ন্যাশনাল জেমসের সামনে তখন টাইব্রেকারের চ্যালেঞ্জ। শেষ হাসি অবশ্য কলকাতার স্কুলটিই হাসে। আর সবাইকে ছাপিয়ে প্রতিযোগিতার ফাইনালে আগেই চলে গিয়েছিল জামশেদপুরের লয়োলা স্কুল। চেম্বাইয়ে অনুষ্ঠিত হবে এই কুইজ প্রতিযোগিতার ফাইনাল।